



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল

গাজীপুর-১৭০৫।

“শিক্ষা নিয়ে গড়ব দেশ, শেখ হাসিনার বাংলাদেশ”



৪ বছর মেয়াদি বিএ (অনার্স) এবং বিএসএস (অনার্স) প্রোগ্রাম ভর্তি বিজ্ঞপ্তি শিক্ষাবর্ষ: ২০২০-২০২১

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল-এর অধীন ৪ বছর মেয়াদি বিএ (অনার্স): বাংলা ভাষা ও সাহিত্য, ইতিহাস, দর্শন, ইসলামিক স্টাডিজ এবং বিএসএস (অনার্স): রাষ্ট্রবিজ্ঞান ও সমাজতত্ত্ব বিষয়সমূহে ভর্তি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের ঢাকা আঞ্চলিক কেন্দ্রে শিক্ষার্থীদের ১২টি টিউটোরিয়াল ক্লাস শুক্রবার সরাসরি অনুষ্ঠিত হবে এবং ১২টি টিউটোরিয়াল ক্লাস শনিবার অনলাইনে অনুষ্ঠিত হবে। প্রাকৃতিক দুর্যোগ ও মহামারির সময় সকল টিউটোরিয়াল ক্লাস অনলাইনে গ্রহণ করা হবে। আসনের ৫% কোটা মুক্তিযোদ্ধাদের সন্তান, পোষ্য এবং নৃগোষ্ঠীর জন্য সংরক্ষিত থাকবে। উল্লেখযোগ্য, শিক্ষাগত যোগ্যতার শর্ত পূরণকারী যে কোনো শিক্ষার্থী আবেদন করতে পারবে।

বৈশিষ্ট্যসমূহ

- ◆ চার বছরে মোট ৪০টি কোর্স বা ১২০ ক্রেডিট সম্পন্ন করতে হবে (প্রতি কোর্স= ৩ ক্রেডিট) রেজিস্ট্রেশনের মেয়াদ ৮ (আট) বছর পর্যন্ত বহাল থাকবে।
- ◆ প্রতি শিক্ষাবর্ষ ছয় মাস মেয়াদি ২টি সেমিস্টারে বিভক্ত। প্রতি সেমিস্টারে সাধারণত ৫টি কোর্স রেজিস্ট্রেশন হয়। শিক্ষার্থী প্রয়োজনে প্রতি সেমিস্টারে ন্যূনতম ২টি কোর্স রেজিস্ট্রেশন করতে পারবে। প্রতি সেমিস্টার শেষে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের ন্যূনতম যোগ্যতা

- ক) মানবিক শাখা : বাংলা ভাষা ও সাহিত্য, ইতিহাস, দর্শন ও ইসলামিক স্টাডিজ বিষয়ে ভর্তির জন্য এসএসসি ও এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ বা জিপিএ ২.৫০ (৫ এর মানে)/জিপিএ ২.০০ (৪ এর মানে) থাকতে হবে। সকল শাখার শিক্ষার্থী আবেদন করতে পারবে।
- খ) সামাজিক বিজ্ঞান শাখা : রাষ্ট্রবিজ্ঞান ও সমাজতত্ত্ব বিষয়ে ভর্তির জন্য এসএসসি ও এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় ন্যূনতম ৫০% নম্বরসহ দ্বিতীয় বিভাগ বা জিপিএ ২.৭৫ (৫ এর মানে)/জিপিএ ২.২ (৪ এর মানে) থাকতে হবে। সকল শাখার শিক্ষার্থী আবেদন করতে পারবে।

ভর্তি সংক্রান্ত তথ্য:

শুধুমাত্র Online- এ আবেদন করা যাবে।

আবেদনের সময়

: ২২ মার্চ, ২০২১ থেকে ৩১ মে, ২০২১ পর্যন্ত।

লিখিত পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য বিষয়াদি

: পরবর্তীকালে বাউবি'র ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

বাউবি'র ওয়েব সাইট

: www.bou.edu.bd

ভর্তি পরীক্ষা পদ্ধতি

- ❖ বহুনির্বাচনী (MCQ) প্রশ্নের ভিত্তিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার প্রশ্নের মান বন্টন : বাংলা- ২৫, ইংরেজি-২৫, সাধারণ জ্ঞান: বাংলাদেশ বিষয়াবলি-২৫ ও আন্তর্জাতিক বিষয়াবলি-২৫।
- ❖ পাস নম্বর : ৪০। প্রতি অংশে ৪০% নম্বর পেতে হবে।
- ❖ প্রতি বিষয়ের আসন সংখ্যা ৬০।

আবেদন প্রক্রিয়া:

Online (<http://osaps.bou.edu.bd>)- এ প্রদত্ত তথ্য পূরণ করা শেষে SMS এর মাধ্যমে temporary user ID ও password পাওয়া যাবে। এরপর Payment Option- এ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা ও চার্জ/কমিশন বিকাশ/DBBL/শিওরক্যাশ-এর মাধ্যমে প্রদান করতে হবে। ট্রানজেকশন আইডি ও মোবাইল নম্বর নির্দিষ্ট স্থানে পূরণ করে Submit বাটনে ক্লিক করলে একটি SMS ও e-mail এ “payment successful” Message পাওয়ার মাধ্যমে Online আবেদন সম্পন্ন হবে। Successful SMS পাওয়ার ক্ষেত্রে কোনো রকম সমস্যা হলে, ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে OSAPS (Online service & payment system)-এর Helpline- নম্বরে অবহিত করতে হবে। প্রয়োজনে আইসিটি হেড, আইসিটি এণ্ড ই-লার্নিং সেন্টার, বাউবি, গাজীপুর-১৭০৫ বরাবর আবেদন করতে হবে। Online এ ভর্তির আবেদন করার শেষ তারিখের ০৩ (তিন) কর্ম দিবস পর কোনো অভিযোগ গ্রহণযোগ্য হবে না। Temporary User ID ও Password ব্যবহার করে প্রদর্শিত আবেদনপত্রটি প্রিন্ট করে শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র ও নম্বরপত্রসমূহ ২২/০৩/২০২১ থেকে ৩১/০৫/২০২১ তারিখের মধ্যে ঢাকা আঞ্চলিক কেন্দ্রের (৪/ক, গভ. ল্যাবরেটরী স্কুল রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫) ১০৩ নম্বর কক্ষ/তথ্য কেন্দ্রে জমা দিতে হবে। Online এ ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত যে কোনো তথ্যের জন্য (<http://osaps.bou.edu.bd>)-এর Helpline-এ উল্লিখিত ফোন নম্বরে অথবা বাউবি'র ঢাকা আঞ্চলিক কেন্দ্রের ১০৩ নম্বর কক্ষ/তথ্য কেন্দ্রে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর কেবলমাত্র নির্বাচিতরাই লিখিত পরীক্ষার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন এবং তাদের তালিকা বাউবি'র ওয়েব সাইটে দেয়া হবে। এছাড়া তাদেরকে মোবাইলে SMS এর মাধ্যমে নিশ্চিত করা হবে। আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা বাউবি'র ওয়েব সাইটে দেয়া হবে।

ভর্তি পদ্ধতি:

- ◆ মেধাক্রম অনুযায়ী ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ পরবর্তী নির্দেশ ও নিয়ম অনুযায়ী ভর্তি হবে।
- ◆ কোর্স ফি : প্রতি কোর্স ১০৫০/- (এক হাজার পঞ্চাশ) টাকা।
- ◆ রেজিস্ট্রেশন ফি : প্রতি সেমিস্টার ২০০/- (দুইশত) টাকা।

- ◆ (ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লিখিত যে কোনো তথ্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংশোধন, সংযোজন, পরিমার্জন এবং পরিবর্তন করতে পারবেন। বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত এবং সংশ্লিষ্ট বিধি-বিধান সকল আবেদনকারী এবং শিক্ষার্থীর জন্য প্রযোজ্য হবে।)

Helpline: Available Time: 9:00 am to 1:00 pm; 01635832845, 01907451614

Available Time: 2:00 pm to 6:00 pm; 01635832846, 01907451612

(অধ্যাপক ড. মোঃ জাহাঙ্গীর আলম)

সভাপতি, ভর্তি কমিটি

ও ডিন

সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫।